

PRINT

# সমকাল

কাশিয়ানীর পুরুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

## প্রধান শিক্ষকের বিরুদ্ধে বরাদ্দের টাকা আত্মসাতের অভিযোগ

১১ ঘণ্টা আগে

### কাশিয়ানী (গোপালগঞ্জ) প্রতিনিধি

গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্লিপ (বার্ষিক কর্মপরিকল্পনা) ও উন্নয়ন কর্মকাণ্ড, প্রাক-প্রাথমিকের কক্ষসজ্জা ও জাতীয় শোক দিবস পালনের টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। রাতইল ইউনিয়নের পুরুলিয়া ১২২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপু রানী সরকারের বিরুদ্ধে এ অভিযোগ করেন বিদ্যালয়ের সভাপতি মো. ওবায়দুর।

জানা যায়, ২০১৮-১৯ অর্থবছরের বিদ্যালয়ে সরকারি বরাদ্দ আসে স্লিপের জন্য ৪০ হাজার, প্রাক-প্রাথমিকের জন্য ১০ হাজার ও ১৫ আগস্ট পালনের জন্য ২ হাজার টাকা। এই বরাদ্দকৃত টাকার সম্পূর্ণ কাজ যথাসময়ের ভেতরই সমাপ্ত করার নির্দেশনা আছে বলেও জানা গেছে। বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি বলেন, স্লিপের ৪০ হাজার টাকার মধ্যে তিনি ১৩ হাজার টাকার একটি টেবিল কিনেছেন এবং বায়োমেট্রিক পদ্ধতির জন্য ২২ হাজার টাকা ব্যাংকে জমা আছে। বাকি টাকা প্রধান শিক্ষক খরচ করেছেন।

বিদ্যালয়ের সভাপতি মো. ওবায়দুর বলেন, একটা রুমে রঙ এবং লেখার জন্য চার হাজার টাকা ব্যয় হয়েছে। স্কুলে ১৫ আগস্ট উদযাপন অনুষ্ঠানে ম্যানেজিং কমিটির কাউকে না জানিয়ে মাত্র চার-পাঁচজন ছাত্রছাত্রী নিয়ে দুই কেজি জিলাপি দিয়ে কোনো আলোচন ছাড়া অনুষ্ঠান করেছেন প্রধান শিক্ষক।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক তপু রানী সরকার বলেন, বিদ্যালয়ের সরকারি বরাদ্দ অনুযায়ী যে ৪০ হাজার টাকা, ১০ হাজার টাকা ও ২ হাজার টাকা এসেছিল আমি সেই টাকা আত্মসাৎ করিনি। সম্পূর্ণ টাকা আমার কাছে আছে। সভাপতি আমার বিরুদ্ধে যে অভিযোগ করেছেন তা সত্য নয়।

স্কুলে ১৫ আগস্ট উদযাপন উপলক্ষে উপজেলা প্রাথমিক সহকারি শিক্ষা কর্মকর্তা আফাডুজ্জামানের কাছে জানতে চাইলে তিনি বলেন, 'আমি অনুষ্ঠানে যেতে পারিনি; কিন্তু অনুষ্ঠান হয়েছে বলে আমি শুনেছি।'

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পরিমল চন্দ্র বালা বলেন, আমাকে কেউ কিছু জানায়নি। জানালে বিষয়টি তদন্তপূর্বক আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

---

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com